# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ‘ঘ’ ইউনিট

## সামাজিক বিজ্ঞান অনুষদ

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ, প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর

# ভর্তি-নির্দেশিকা

**ভর্তি পরীক্ষা: ২৮ অক্টোবর ২০১৬, শুক্রবার, সকাল ১০.০০ টায়**

| উচ্চ-মাধ্যমিক/ সমমান পরীক্ষার শাখাসমূহ | যে সকল বিভাগ/ ইনস্টিটিউটে ভর্তি হওয়া যাবে |
|---|---|
| বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা | কলা, সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ অনুষদের বিভাগসমূহ, আইন অনুষদের আইন বিভাগ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট |
| মানবিক শাখা | বিজ্ঞান অনুষদের গণিত ও পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান ও তথ্যপরিসংখ্যান বিভাগ; বিজনেস স্টাডিজ অনুষদের সকল বিভাগ। |
| ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা | কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগসমূহ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীব বিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ, আইন অনুষদের আইন বিভাগ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট। |

### ১. ভর্তিযোগ্য বিভাগ :

**কলা অনুষদ :** বাংলা, ইংরেজী, আরবী, ফারসি ভাষা ও সাহিত্য, উর্দু, সংস্কৃত, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ, সংগীত, নৃত্যকলা, ভাষাবিজ্ঞান এবং বিশ্বধর্ম ও সংস্কৃতি।

**সামাজিক বিজ্ঞান অনুষদ:** অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, সমাজবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, লোক প্রশাসন, নৃবিজ্ঞান, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ, ডেভেলপমেন্ট স্টাডিজ, পপুলেশন সায়েন্সেস, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন, ক্রিমিনোলজি এবং যোগাযোগ বৈকল্য।

**বিজনেস স্টাডিজ অনুষদ:** ম্যানেজমেন্ট, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, মার্কেটিং, ফিন্যান্স, ব্যাংকিং ও ইন্স্যুরেন্স, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ইন্টারন্যাশনাল বিজনেস এবং ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট ।

**বিজ্ঞান অনুষদ:** গণিত এবং পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান ও তথ্যপরিসংখ্যান।
**জীব বিজ্ঞান অনুষদ:** মনোবিজ্ঞান।
**আইন অনুষদ:** আইন।
**আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ:** ভূগোল ও পরিবেশ।
**সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট:** সমাজকল্যাণ।
**স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট:** স্বাস্থ্য অর্থনীতি।
**শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট:** ব্যাচেলর অব এডুকেশন।
**ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ :** ব্যাচেলর অব ডিজাস্টার ম্যানেজমেন্ট।
আধুনিক ভাষা ইনস্টিটিউট : BA (Honours) in ESOL (English for Speakers of Other Languages) and
BA (Honours) in French as a Foreign Language

## ২. প্রার্থীর প্রাথমিক যোগ্যতা :

- যে সকল ছাত্র/ছাত্রী ২০১১ থেকে ২০১৪ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০১৬ সনে নিম্নলিখিত পরীক্ষাসমূহের
  ক. উচ্চ মাধ্যমিক (মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি)
  খ. মাদ্রাসা বোর্ডের আলিম (মানবিক ও বিজ্ঞান)
  গ. ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, বিজনেস ম্যানেজমেন্ট
  ঘ. জিসিই বা সমমানের বিদেশী সার্টিফিকেট
  যে কোন একটি পাশ করেছে, তারাই উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধীত শাখা বাদ দিয়ে অন্য শাখাভুক্ত বিভাগে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

### শর্তসমূহ :

ক। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কোন বিষয়ে 'বি' গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.০)-এর নিচে পেলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

খ। মানবিক শাখা (মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ) থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম **৭.০** হতে হবে।

গ। ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম **৭.৫** হতে হবে।

ঘ। বিজ্ঞান, মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, কৃষি বিজ্ঞান এবং গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (৪র্থ বিষয়সহ) পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম **৮.০** হতে হবে। তবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৩.৫ এর নীচে গ্রহনযোগ্য হবে না।

ঙ। **IGCSE (ও লেভেল) এবং IAL/GCE (এ লেভেল) প্রার্থীদের ক্ষেত্রে :** ২০১১ থেকে ২০১৪ সন পর্যন্ত O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৬ সনের A-Level পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদেরকে O-Level এবং A-Level মিলিয়ে ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে ন্যূনতম বি-গ্রেড, ৩টি বিষয়ে ন্যূনতম সি-গ্রেড পেতে হবে। তবে A-Level পরীক্ষায় ২টিতেই ন্যূনতম সি-গ্রেড থাকতে হবে।
O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট নিম্নরূপ হবেঃ A= 5.0 B= 4.0 C= 3.5

চ। সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা জিসিই ছাত্র-ছাত্রীদের অনুরূপ আবেদন ও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে উভয় ক্ষেত্রে ইউনিট থেকে অবশ্যই সমতা নিরূপন করাতে হবে।

## ৩. প্রার্থীর করণীয় :

ক। প্রার্থীকে ২২/০৮/২০১৬ (সকাল ১০.০০ টা) হতে ০৭/০৯/২০১৬ তারিখের মধ্যে Dhaka University Admision Website (http://admission.eis.du.ac.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করে টাকা জমাদানের জন্য নির্ধারিত স্লিপ ডাউনলোড করে ব্যাংকে টাকা জমা দিতে হবে। অন্যান্য নিয়ামাবলী অনলাইনে উল্লেখ থাকবে।

খ। **IGCSE (ও লেভেল) এবং IAL/GCE (এ লেভেল) প্রার্থীদের ক্ষেত্রে :** মাধ্যমিক/উচ্চমাধ্যমিক যে কোন একটিতে বা উভয় পর্যায়ে 'ও' এবং 'এ' লেভেল অথবা বিদেশী ডিগ্রীর মার্কসমূহ সমতা নিরূপন (Equivalence) করার পর Equivalence ID ব্যবহার করে সাধারণভাবে Apply করতে পারবে। Equivalence করার জন্য 'ঘ' ইউনিট অফিস থেকে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্রে উল্লেখিত তথ্যাবলী যথারীতি পূরণ করে সকল মার্কশীটের ফটোকপি, জন্ম সনদের ফটোকপি এবং পিতা ও মাতার নামের বানানের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ সামাজিক বিজ্ঞান অনুষদ ('ঘ' ইউনিট)-এর অফিসে জমা দিতে হবে। জমা দেয়ার ৩ দিনের মধ্যে সমতা নিরূপনের একটি সনদপত্র প্রদান করা হবে উক্ত সনদপত্রে Equivalence ID উল্লেখ থাকবে।

গ। **কোটায় ভর্তিযোগ্য প্রার্থীদের ক্ষেত্রে :** ঢাকা বিশ্ববিদ্যায়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), মুক্তিযোদ্ধার সন্তান/ নাতি-নাতনীসহ, উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধি (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও খেলোয়ার [শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা] কোটায় ভর্তি হওয়ায় সুযোগ পাবে।

যারা অনলাইনে আবেদন করার সময় কোটায় টিক দিবে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পুনরায় আবেদন করতে পারবে। আবেদনের নিয়মাবলী ফলাফল প্রকাশের পর অনলাইনে নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ ইনস্টিটিউট/অফিস-এর চেয়ারম্যান/ পরিচালক/অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসীর প্রধান/জেলা প্রশাসন-এর সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধান ও জেলা প্রশাসন-এর সনদপত্র এবং প্রতিবন্ধিদের (দৃষ্টি, বাক ও শ্রবন) ক্ষেত্রে জেলা প্রশাসন সনদপত্র একং খেলোয়ার কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক সনদ জমা দিতে হবে।

## ৪. ভর্তি পরীক্ষা :

ক। সকল প্রার্থীকে নিম্নবর্ণিত বিষয়সমূহে ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মোট নম্বর হবে ১২০।

| বিষয় | নম্বর |
|---|---|
| ক. বাংলা, বিকল্প হিসেবে Advanced English (for A-Level passed candidates) | ৩০ |
| খ. ইংরেজী | ৩০ |
| গ. সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলী) | ৩০ |
| ঘ. সাধারণ জ্ঞান (আন্তর্জাতিক বিষয়াবলী) | ৩০ |
| * যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি কেবল তারাই Advanced English উত্তর দিবে। | |

খ। ভর্তি পরীক্ষা Multiple Choice of Questions (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময় হবে ১ ঘন্টা এবং ১২০ নম্বরের জন্য সর্বমোট ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ১.২।

গ। ভর্তি পরীক্ষার রোল নম্বর, ক্রমিক নম্বর ও **গ্রুপ উত্তরপত্রে উল্লেখ করে বৃত্ত ভরাট না করলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল হয়ে যাবে**। এ ব্যাপারে পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণ করা হবে না। উত্তরপত্রে তিনটি গ্রুপ উল্লেখ থাকবে Arts, Science, Business এর যেটি আপনার গ্রুপ সেটি পূরণ করতে হবে। অন্যান্য গ্রুপ থাকলে এই তিনটি মধ্যে আপনার কোন গ্রুপ হবে সেটি আগে জেনে নিতে হবে।

ঘ। **ভর্তি পরীক্ষার প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩০ নম্বর কাটা হবে**।

ঙ। ভর্তি পরীক্ষায় ইংরেজি, বাংলা/Advanced English, বাংলাদেশ বিষয়াবলী ও আন্তর্জাতিক বিষয়াবলীতে পৃথকভাবে কমপক্ষে ৮ নম্বর করে এবং সর্বমোট কমপক্ষে ৪৮ নম্বর না পেলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। এই বিধি সকলের ক্ষেত্রে (ওয়ার্ড, মুক্তিযোদ্ধা, আদিবাসী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী, খেলোয়ার, সকল কোটার প্রার্থী) প্রযোজ্য হবে।

চ। ভর্তি পরীক্ষার স্থান (আসন) ৩ দিন পূর্বে অনলাইনে প্রকাশ করা হবে ।

ছ। পরীক্ষার ফলাফল ৭ দিনের মধ্যে প্রকাশ করা হবে।

## ৫. মেধা তালিকা :

ক। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মোট ২০০ নম্বরের মেধাস্কোর তৈরী করা হবে। মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ থেকে ১৫% (অর্থাৎ ৩০ নম্বর), উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ থেকে ২৫% (অর্থাৎ ৫০ নম্বর) বিবেচনা করে এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে ৬০% (অর্থাৎ ১২০ নম্বর) ধরে তা নির্ণয় করা হবে। অর্থাৎ ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে (৪র্থ বিষয়সহ) ৬ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে (৪র্থ বিষয়সহ) ১০ দিয়ে গুণ করে ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে যোগ করা হবে।

খ। মেধাস্কোরের ভিত্তিতে প্রার্থীদের মেধাতালিকা তৈরী করা হবে। মেধাতালিকা হবে নিম্নরূপ:
ক. বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি সম্মিলিত মেধাতালিকা।
খ. মানবিক শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা।
গ. ব্যবসায় শিক্ষা শাখা থেকে আগত প্রার্থীদের জন্যে একটি মেধাতালিকা।

গ। মেধাস্কোর একই হলে প্রার্থীদের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে অগ্রাধিকার দেয়া হবে। এ দু'টি সমান হলে পর্যায়ক্রমে নিম্নলিখিত মাপকাঠি প্রয়োগ করে ভর্তির অগ্রাধিকার নির্ণয় করা হবে:
* উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় জিপিএ (৪র্থ বিষয়সহ)
* মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় জিপিএ (৪র্থ বিষয়সহ)

পর্যায়ক্রমে উল্লিখিত মাপকাঠি প্রয়োগ করে প্রার্থীদের অগ্রাধিকার তালিকা নির্ণয় করা সম্ভব না হলে কর্তৃপক্ষ অন্য কোন যৌক্তিক মাপকাঠি প্রয়োগ করে অগ্রাধিকার নির্ণয় করবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঘ। পরবর্তীতে অন-লাইনের মাধ্যমে বিষয়/বিভাগ পছন্দ-ফরম পূরণ করতে হবে। বিভাগ পছন্দের ক্ষেত্রে অনলাইনে যে বিভাগগুলো প্রদর্শিত হবে সেখান থেকে পছন্দ অনুযায়ী ক্রমানুসারে উল্লেখ করতে হবে এবং অনলাইনে প্রদর্শিত সব কয়টি বিভাগই পছন্দের তালিকায় থাকতে হবে।

## ৬. ভর্তির শর্ত ও প্রক্রিয়া :

ক। নিচের সারণিতে উল্লিখিত বিশেষ শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ভর্তির জন্য মনোনয়ন প্রদান করা হবে।

**বিভিন্ন বিভাগে ভর্তির ন্যূনতম যোগ্যতা**

| ভর্তির বিভাগ | | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক | ভর্তি পরীক্ষার বিষয় ও ন্যূনতম নম্বর | |
|---|---|---|---|---|
| | | | বিষয় | নম্বর |
| ১ | অর্থনীতি | অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যান/ অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোলে B গ্রেড (ইসলামিক অর্থনীতি/ গার্হস্থ্য অর্থনীতি- অর্থনীতির পরিপূরক হিসেবে গ্রহণযোগ্য হবে না)। এছাড়াও GCE-এর ক্ষেত্রে অংক/ অর্থনীতি থাকতে হবে এবং এ বিষয়গুলোর ক্ষেত্রে ন্যূনতম 'বি' গ্রেড থাকতে হবে। | ইংরেজি | ১৬ |
| ২ | রাষ্ট্রবিজ্ঞান | – | ইংরেজি | ১৩ |
| | | | বাংলা | ১২ |
| ৩ | আন্তর্জাতিক সম্পর্ক | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ২০০ নম্বরের বাংলা ও ২০০ নম্বরের ইংরেজি থাকতে হবে। GCE-এর ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হবে না। | ইংরেজি | ১৬ |
| | | | সাধারণ জ্ঞান (আন্তর্জাতিক বিষয়াবলী) | ১৫ |
| ৪ | সমাজবিজ্ঞান | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ইংরেজি বিষয়ে ২০০ নম্বর পঠিত হতে হবে। | ইংরেজি | ১৪ |
| | | | বাংলা | ১২ |
| ৫ | গণযোগাযোগ ও সাংবাদিকতা | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ২০০ নম্বরের বাংলা ও ইংরেজি থাকতে হবে। | ইংরেজি | ১৬ |
| | | | বাংলা | ১৪ |
| ৬ | লোক প্রশাসন | - | ইংরেজি | ১৭ |
| ৭ | নৃবিজ্ঞান | – | ইংরেজি | ১৪ |
| | | | বাংলা | ১০ |
| ৮ | শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন | – | ইংরেজি | ১৬ |
| | | | বাংলা | ১৪ |
| ৯ | উইমেন এ্যান্ড জেন্ডার স্টাডিজ | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বর থাকতে হবে। | ইংরেজি | ১৬ |
| | | | বাংলা | ১৬ |
| ১০ | ডেভেলপমেন্ট স্টাডিজ | উচ্চমাধ্যমিক পরীক্ষায় পরিসংখ্যান/ অর্থনীতি/ গণিত থাকতে হবে। এ ক্ষেত্রে ইসলামী অর্থনীতি, বাণিজ্যিক অর্থনীতি এবং গার্হস্থ্য অর্থনীতি বিষয়গুলো অর্থনীতির বিকল্প হিসেবে গণ্য হবে না। | ইংরেজি | ১৬ |
| ১১ | পপুলেশন সায়েন্সেস | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ইংরেজিতে ২০০ নম্বর থাকতে হবে। (তবে ইংরেজী মাধ্যম থেকে পাশ করা শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়) | ইংরেজি | ১৬ |
| ১২ | টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বর থাকতে হবে। GCE-এর ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হবে না। | ইংরেজি | ১২ |
| | | | বাংলা/ Advanced English | ১০ |
| ১৩ | ক্রিমিনোলজী | উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলায় ২০০ এবং ইংরেজীতে ২০০ নম্বর থাকতে হবে। GCE-এর ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হবে না। | ইংরেজি | ১৬ |
| ১৪ | যোগাযোগ বৈকল্য (Communication Disorders) | উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলায় ২০০ এবং ইংরেজীতে ২০০ নম্বর থাকতে হবে। তাছাড়া উচ্চ মাধ্যমিক পর্যায়ে জীববিজ্ঞান/ মনোবিজ্ঞান থাকতে হবে। GCE-এর ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হবে না। | ইংরেজি | ১২ |
| | | | বাংলা/ Advanced English | ১২ |
| ১৫ | বাংলা | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলা বিষয়ে ২০০ নম্বর থাকতে হবে। | ইংরেজি | ১২ |
| | | | বাংলা | ১৫ |

| ভর্তির বিভাগ | | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক | ভর্তি পরীক্ষার বিষয় ও ন্যূনতম নম্বর | |
|---|---|---|---|---|
| | | | বিষয় | নম্বর |
| ১৬ | ইংরেজী | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ইংরেজী বিষয়ে ন্যূনতম ২০০ নম্বরের পরীক্ষা;<br>‘ও’ এবং ‘এ’ লেভেল পরীক্ষায় যে কোন স্তরে ইংরেজীতে ‘সি’ গ্রেড থাকতে হবে। | ইংরেজি | ২০ |
| ১৭ | আরবী | মাধ্যমিক/ দাখিল ও উচ্চ মাধ্যমিক/আলিম উভয় পরীক্ষায় অথবা শুধু মাধ্যমিক/ দাখিল পরীক্ষায় আরবী থাকতে হবে। | | |
| ১৮ | ফারসি ভাষা ও সাহিত্য | HSC-তে ফারসি / উর্দু /আরবী/ ইসলামিক শিক্ষা/ বাংলা/<br>ইংরেজিতে B গ্রেড থাকতে হবে। | | |
| ১৯ | উর্দু | উচ্চ মাধ্যমিক পর্যায়ে উর্দু/আরবী/ইসলামী শিক্ষায়/বাংলায়/ ইংরেজীতে ‘বি’ গ্রেড থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয় হবে- উর্দু/আরবী/ইসলাম শিক্ষা/বাংলা/ইংরেজী। | | |
| ২০ | সংস্কৃত | উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংস্কৃত অথবা মাধ্যমিক পরীক্ষায় সংস্কত/হিন্দুধর্ম অথবা বাংলাদেশ সংস্কৃত ও পালি শিক্ষাবোর্ড থেকে সংস্কৃত বিষয়ে কমপক্ষে আদ্য পরীক্ষায় পাশ অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলায় কমপক্ষে ‘A+’ থাকতে হবে। | | |
| ২১ | পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ | মাধ্যমিক পর্যায়ে বৌদ্ধধর্ম অথবা উচ্চ-মাধ্যমিক পর্যায়ে পালি অথবা আদ্য (সংস্কৃত ও পালি শিক্ষাবোর্ড, ঢাকা) পরীক্ষায় কমপক্ষে বি-গ্রেড থাকতে হবে অথবা উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা বিষয়ে ‘A’ গ্রেড থাকতে হবে। | | |
| ২২ | ইতিহাস | – | ইংরেজি | ১২ |
| | | | বাংলা | ১৩ |
| ২৩ | দর্শন | – | ইংরেজি | ১২ |
| | | | বাংলা | ১২ |
| ২৪ | ইসলামিক স্টাডিজ | – | – | – |
| ২৫ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | – | ইংরেজি | ১০ |
| | | | বাংলা | ১০ |
| ২৬ | তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা | – | ইংরেজি | ১৪ |
| | | | বাংলা | ১৪ |
| ২৭ | থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ | ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীদের নির্বাচনী বোর্ডের সামনে পারদর্শিতা প্রমাণ করতে হবে। | | |
| ২৮ | সংগীত | প্রার্থীকে ভর্তি পরীক্ষা ছাড়াও ৫০ নম্বরের মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর পেতে হবে। সংগীত বিষয়ে আই মিউজ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এবং যন্ত্রসংগীত বিষয় পড়তে আগ্রহী প্রার্থীকেও ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে। সংগীত বিভাগে ভর্তি হলে কোন প্রার্থীই পরবর্তীকালে কোনো অবস্থাতেই বিভাগ পরিবর্তন করতে পারবে না। | | |
| ২৯ | নৃত্যকলা | ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | | |
| ৩০ | ভাষাবিজ্ঞান | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় ২০০ নম্বরের বাংলা ও ২০০ নম্বরের ইংরেজি থাকতে হবে। | ইংরেজি | ১৩ |
| | | | বাংলা | ১৩ |
| ৩১ | বিশ্বধর্ম ও সংস্কৃতি | - | ইংরেজি | ১৩ |
| ৩২ | ম্যানেজমেন্ট | মানবিক শাখা:<br>২০০ নম্বরের অর্থনীতি<br><br>বিজ্ঞান শাখা:<br>২০০ নম্বরের গণিত<br><br>মাদ্রাসা বোর্ড:<br>২০০ নম্বরের অর্থনীতি’র মধ্যে ১০০ নম্বরের ইসলামিক অর্থনীতি | ইংরেজি | ১৫ |
| ৩৩ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস | | | |
| ৩৪ | মার্কেটিং | | | |
| ৩৫ | ফিন্যান্স | | | |
| ৩৬ | ব্যাংকিং ও ইন্স্যুরেন্স | | | |
| ৩৭ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস | | | |
| ৩৮ | ইন্টারন্যাশনাল বিজনেস | | | |
| ৩৯ | ট্যুরিজম এন্ড হস্‌পিটালিটি ম্যানেজমেন্ট | | | |

<table>
<tr><th colspan="2" rowspan="2">ভর্তির বিভাগ</th><th rowspan="2">উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক</th><th colspan="2">ভর্তি পরীক্ষার বিষয় ও ন্যূনতম নম্বর</th></tr>
<tr><th>বিষয়</th><th>নম্বর</th></tr>
<tr><td>৪০</td><td>গণিত</td><td>গণিতে B গ্রেড থাকতে হবে।</td><td>–</td><td>–</td></tr>
<tr><td>৪১</td><td>পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান ও তথ্যপরিসংখ্যান</td><td>গণিতে A+ গ্রেড থাকতে হবে।</td><td>–</td><td>–</td></tr>
<tr><td>৪২</td><td>ভূগোল ও পরিবেশ</td><td>-</td><td>ইংরেজি</td><td>১৪</td></tr>
<tr><td>৪৩</td><td>মনোবিজ্ঞান</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td rowspan="2">৪৪</td><td rowspan="2">আইন</td><td rowspan="2">-</td><td>ইংরেজি</td><td>১৮</td></tr>
<tr><td>বাংলা/ Advanced English</td><td>১৪</td></tr>
<tr><td>৪৫</td><td>সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট</td><td>ইংরেজি মাধ্যমে পড়তে হবে। সংশ্লিষ্ট বিষয় (Allied Subjects) হবে- সমাজকল্যাণ/ সমাজবিজ্ঞান/ অর্থনীতি/ ভূগোল/ পৌরনীতি/ গার্হস্থ্য অর্থনীতি/ গণিত/ মনোবিজ্ঞান/ যুক্তিবিদ্যা/ পরিসংখ্যান।</td><td>ইংরেজি</td><td>১২</td></tr>
<tr><td>৪৬</td><td>স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট</td><td>উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় ২০০ নম্বরের অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যানের যে কোন একটি বিষয়ে ‘বি’ গ্রেড থাকতে হবে।</td><td>ইংরেজি</td><td>১৩</td></tr>
<tr><td rowspan="2">৪৭</td><td rowspan="2">শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট</td><td rowspan="2">-</td><td>ইংরেজি</td><td>১২</td></tr>
<tr><td>বাংলা</td><td>১২</td></tr>
<tr><td>৪৮</td><td>ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট</td><td>-</td><td>ইংরেজি</td><td>১৫</td></tr>
<tr><td rowspan="2">৪৯</td><td rowspan="2">আধুনিক ভাষা ইনস্টিটিউট BA (Honours) in ESOL (English for Speakers of Other Languages)</td><td rowspan="2">মাধ্যামিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বর থাকতে হবে। IGCSE ‘O’ Level শিক্ষার্থীদের ইংরেজী বিষয়ে ন্যূনতম C গ্রেড থাকতে হবে।</td><td>ইংরেজি</td><td>১৬</td></tr>
<tr><td>বাংলা/ Advanced English</td><td>১২</td></tr>
<tr><td rowspan="2">৫০</td><td rowspan="2">আধুনিক ভাষা ইনস্টিটিউট BA (Honours) in French as a Foreign Language</td><td rowspan="2">মাধ্যামিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজিতে ২০০ নম্বর থাকতে হবে। IGCSE ‘O’ Level শিক্ষার্থীদের ইংরেজী বিষয়ে ন্যূনতম C গ্রেড থাকতে হবে।</td><td>ইংরেজি</td><td>১৫</td></tr>
<tr><td>বাংলা/ Advanced English</td><td>১২</td></tr>
</table>

**বি: দ্র;-** ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুন: সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

----------------